# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

## নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০২০.০৬.০০৫.১৭. ২০৮৭ তারিখঃ ৭ /০৯/২০২৫ খ্রিঃ

| | | |
|---|---|---|
| **বিষয়** | : | **০১ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত কাউন্সিলের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।** |
| **সভাপতি** | : | ড. নাজমুন নাহার করিম<br>নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। |
| **তারিখ ও সময়** | : | ০১ সেপ্টেম্বর , ২০২৫, সকালঃ ১০.০০ ঘটিকা। |
| **স্থান** | : | কনফারেন্স রুম - ০১, বিএআরসি । |
| **উপস্থিতি** | : | পরিশিষ্ট- ক । |

**২.০ আলোচনা ও সিদ্ধান্তঃ**

সভার শুরুতে নির্বাহী চেয়ারম্যান মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)'কে সভা সঞ্চালনের আহবান জানান। সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর সূচনা বক্তব্য প্রদান করেন এবং সভার সদস্য সচিব পরিচালক (সাপোর্ট সার্ভিস)'কে সভা পরিচালনার আহবান জানান। পরিচালক (সাপোর্ট সার্ভিস) সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি মোতাবেক উপস্থাপনা শুরু করেন। সভার শুরুতেই পরিচালক (সাপোর্ট সার্ভিস) ২৭ জুলাই, ২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং বিভিন্ন বিষয়ের আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

| ক্র নং. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নিয়োগ/ পদোন্নতি | নতুন নিয়োগের বিষয়ে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় সভাকে অবহিত করেন যে, ১৫ টি ক্যাটাগরির ৩৬টি পদের নিয়োগ প্রক্রিয়া শুরু হতে যাচ্ছে। প্রায় ২৫,০০০ প্রার্থীর নিয়োগ পরীক্ষা নেয়া হবে এবং আগামী ২৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ ১৮টি অফিস সহায়ক পদের পরীক্ষা গৃহীত হবে। পরবর্তীতে ০৪ ও ১৭ অক্টোবর ২০২৫ খ্রিঃ বাকি পদগুলোর পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্র হিসেবে বিএএফ শাহীন কলেজ'কে নির্ধারণ করা হয়েছে। খুব শীঘ্রই ডিপিসি মিটিং করা হবে। নিয়োগ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহনে লিখিত পরীক্ষার সকল কাজ করা হবে। বাকি ৪৩ টি শূন্য পদের ছাড়পত্রের প্রয়োজনীয় কাগজাদি প্রস্তুত করা হয়েছে এবং মন্ত্রণালয়ে পাঠানো হবে। | ৩৬টি পদের নিয়োগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ৪৩ টি শূন্য পদের ছাড়পত্র দ্রুত নেয়ার জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২. | ওয়েবসাইট হালনাগাদ | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ হচ্ছে। নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন, জাতীয় কৃষি প্রদর্শণী বিষয়টি ওয়েবসাইটে রাখা যাবে না। গত ০১ বছরে বিদেশে ভ্রমনকারী সকল কর্মকর্তার ভ্রমন বিষয়ক সকল তথ্য ওয়েবসাইটে থাকতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের প্রোগ্রামের আপডেট চিঠি প্রশিক্ষণ ম্যানুয়ালসহ আপলোডের নিমিত্ত কম্পিউটার ও জিআইএস ইউনিটকে সরবরাহ করবে। বিএআরসি'র বাজেট ও আইনসমূহ সুষ্ঠুভাবে আপলোড দিতে হবে। বিএআরসি'র সাফল্য প্রতিবেদন কলামে বিএআরসি'র শুরু হতে ২০২৫ পর্যন্ত সকল সফলতার বিষয়াদি আপলোড করতে হবে। GAP কার্যক্রমের সকল তথ্য ওয়েবসাইটে আপলোড দিতে হবে।<br>পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, বিএআরসি'র চলমান প্রকল্পসমূহকে আন্তর্জাতিক ও আঞ্চলিক দুইভাবে আলাদা করে আপলোড দেয়া যেতে পারে।<br>সদস্য পরিচালক (এইআরএস) মহোদয় জানান, টেকনিক্যাল পারসন না হওয়ায় তার পক্ষে টেকনিক্যাল বিষয়ে মতামত দেয়া কিছুটা কষ্টসাধ্য এবং তিনি পরিচালক (কম্পিউটার ও জিআইএস)'কে বিএআরসি'র ওয়েবসাইট হালনাগাদ কমিটির আহবায়ক করার প্রস্তাব দেন।<br>নির্বাহী চেয়ারম্যান মহোদয় পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ)'কে তথ্য হালনাগাদ করার এবং সদস্য পরিচালক (এইআরএস)-কে মনিটরিং এর দায়িত্ব দেন। | আলোচনা অনুযায়ী সকল তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে। বিএআরসি'র অবসরপ্রাপ্ত সদস্য পরিচালক ও বিজ্ঞানীদের তালিকা আপডেট করতে হবে। বিএআরসি'র সাফল্য প্রতিবেদন আপডেট করণ কমিটি গঠন করতে হবে। | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) ও পরিচালক (সাপোর্ট সার্ভিস) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, ওয়েবসাইটে সকল প্রশিক্ষণ কর্মশালার তথ্য চিঠি ও হাজিরাসহ আপলোড করা হচ্ছে।<br>সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, ওয়েবসাইটে আপলোডের ক্ষেত্রে নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রশিক্ষণের নাম, বিষয়, সময় এবং মোট অংশগ্রহনকারীদের নামের তালিকা আপডেট দিতে হবে।<br>নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন, হাজিরার পরিবর্তে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের তালিকা তাদের প্রতিষ্ঠানের নাম, মোবাইল এবং ই-মেইল নম্বরসহ চিঠি কম্পোজ করে আপলোডের নিমিত্ত কম্পিউটার ও জিআইএস ইউনিটকে সরবরাহ করতে হবে। | | |
| ৩. | অডিট আপত্তি | পরিচালক (অর্থ) মহোদয় অবহিত করেন যে, রাজস্বখাতের ২০টি অডিট আপত্তি ছিল যার ৬/৭টি ইতিবাচকভাবে নিচের দিকে ফিরে এসেছে এবং নিষ্পত্তির অপেক্ষায় আছে। এনএটিপিএ'র ২টি আপত্তির ১টি নিষ্পত্তি হয়েছে এবং বাকি ০১টি নিষ্পত্তির অপেক্ষায় আছে। সর্বশেষ ৭/৮টি অডিট আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে। | সকল অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | পরিচালক (অর্থ) |
| ৪. | প্রশিক্ষণ ও কর্মশালা | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) জানান, প্রশিক্ষকদের সম্মানী ও প্রশিক্ষণার্থীদের ভাতার বিষয়ে সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সাথে আলাপ হয়েছে। নির্বাহী চেয়ারম্যান মহোদয় মন্ত্রণালয়ের সাথে ব্যক্তিগতভাবে কথা বলার নির্দেশ দেন এবং মন্ত্রণালয়ে প্রেরণের জন্য তৈরিকৃত চিঠির ভাষা আপডেট করতে বলেন। | সম্মানী ও ভাতার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) |
| ৫. | আউটলুক ২০৫০ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) ড. মোহাম্মদ রেজওয়ান মোল্লা বিএআরসি'র আউটলুক এর বিভিন্ন দিক তুলে ধরেন এবং বলেন, এজেন্সি প্ল্যানিং বিষয়ে গত ১৯/০৮/২০২৫ তারিখে সকল ফোকাল পয়েন্টের সমন্বয়ে কৃষি মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। এ প্রেক্ষিতে বিএআরসি'তে গত ২১/০৮/২০২৫ তারিখে বিএআরসি'র এজেন্সি পলনে হালনাগাদকরণের জন্য কমিটির সদস্যগণের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। প্রতি প্রতিষ্ঠানের এজেন্সি প্ল্যান রিভিউ করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে পাঠানো হয়েছে। বিএআরসি'তে দুটি প্রতিষ্ঠানের এজেন্সি প্লান রিভিউ করার জন্য পাঠানো হয়েছে। প্রদত্ত ২টি এজেন্সি প্ল্যানের রিভিউ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ২য় বারের মত রিভিউ প্রক্রিয়া চলমান। এ বিষয়ে ০৮টি আঞ্চলিক কর্মশালা এর কার্যক্রম শুরু হয়েছে। প্রতি প্রতিষ্ঠানের প্রধান ও ফোকাল পয়েন্ট উক্ত কর্মশালায় অংশগ্রহণ করবেন। উক্ত কর্মশালা থেকে প্রাপ্ত পরামর্শ/সুপারিশসমূহ বিবেচনা করে প্রতিষ্ঠানের এজেন্সি প্ল্যানে আপডেট করতে হবে। সকল প্রতিষ্ঠান প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সমন্বয়ে গত ৩০/০৮/২০২৫ তারিখে রাজশাহীতে আউটলুক ২০৫০ এর প্রথম আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে এবং সেখানে সমন্বিত খামারি অ্যাপের একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। উক্ত প্রেজেন্টেশনের বিষয়ে উপস্থিত সকলের প্রদত্ত মতামতের প্রেক্ষিতে আগামী ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে আপডেট পরামর্শ/সুপারিশ দিতে বলা হয়েছে এবং উক্ত পরামর্শ/সুপারিশ বিবেচনাপূর্বক এজেন্সি প্ল্যানে কোন পরিবর্তন আনা হবে কিনা তা চূড়ান্তভবে মন্ত্রণালয় কর্তৃক জানানো হবে।<br>তিনি আরও জানান, বিএআরসি'র বিভিন্ন প্রকল্পের সাফল্যের তথ্য সকল ইউনিট/বিভাগ থেকে ইতিমধ্যে সরবরাহ করা হয়েছে। | বিএআরসি'র আউটলুক ২০৫০ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৬. | তারুণ্য উৎসব ২০২৫ | এ বিষয়ে সদস্য পরিচালক (এইআরএস) মহোদয় সভাকে অবগত করেন যে, মোট ৪টি বিশ্ববিদ্যালয়ের সাথে বিএআরসি'র তারুণ্য উৎসব কর্মসূচি সম্পাদনের প্রক্রিয়া চলমান। তন্মধ্যে আগামী ০৪/০৯/২০২৫ তারিখ গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রথম তারুণ্য উৎসব কর্মসূচি সম্পাদনের দিন ধার্য করা হয়েছে। এছাড়াও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ১১ সেপ্টেম্বর এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৫ সেপ্টেম্বর তারিখ তারুণ্য উৎসব কর্মসূচি সম্পাদনের দিন ধার্য করা হয়েছে। তারুণ্য উৎসব কমিটির কার্যক্রমের আপডেট প্রতি মাসের ০২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে | তারুণ্য উৎসব কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পাদনের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাঠাতে হয়। গত জুলাই মাসে তারুণ্য উৎসব কমিটির একটি সভা আয়োজন করা হয় এবং উক্ত সভার চিঠি ও হাজিরা জুলাই মাসের আপডেট হিসেবে মন্ত্রণালয়ে হিসেবে পাঠানো হয়। আগস্ট মাসের আপডেট এখনও পাঠানো হয়নি।<br>নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন, মন্ত্রণালয়ে পত্র পাঠানো বা কোন বিষয়ে সিদ্ধান্ত নেয়ার পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে কর্তৃপক্ষকে অবগত করতে হবে।<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) ড. মোহাম্মদ রেজওয়ান মোল্লা বলেন, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রথম তারুণ্য উৎসব কর্মসূচিতে ১১ জন তরুণ উদ্যোক্তা তাদের সাফল্যের গল্প বলবে এবং এআইএস এর সহায়তায় এ সকল গল্পের সমন্বয়ে একটি ভিডিও ডকুমেন্টরি তৈরি করা হবে এবং একটি রাইটআপ তৈরি করা হয়েছে। ০৭টির ভয়েস রেকর্ডিং ও এডিটিং সম্পন্ন হয়েছে এবং বাকিগুলোর কাজ চলমান। আগামী ০৪ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিতব্য তারুণ্য উৎসব কর্মসূচির জন্য নির্ধারিত কাজের বর্ণনা দেন।<br>নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন, তারুণ্য উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | | |
| ৭. | বিবিধ | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) জানান, কম্পিউটার ল্যাবে নতুন কম্পিউটার, প্রজেক্টর এবং এসি স্থাপনের পদক্ষেপ নেয়া হচ্ছে এবং ল্যাবের কম্পিউটারগুলো বিভিন্ন ইউনিট/বিভাগে সরবরাহ করা হবে। ল্যাবের আসন সংখ্যা ২৫ জনে উন্নীত করা হবে যা পূর্বে ২০ জন ছিল। | কম্পিউটার ল্যাব আপডেটের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) |
| | | সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বিএআরসি'র বাহিরের দেয়ালে নতুন ছবি প্রদর্শনীর আপডেট জানতে চান।<br>এ বিষয়ে গঠিত কমিটির সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নার্স প্রতিষ্ঠান হতে ছবি সংগ্রহ করা হচ্ছে এবং বর্তমান অর্থবছরের মধ্যে দেয়ালে নতুন ছবি প্রদর্শনীর কাজ সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | বিএআরসি'র বাহিরের দেয়ালে নতুন ছবি প্রদর্শনীর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| | | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস) ড. শফিকুল ইসলাম বলেন, বিএআরসি'র নিজস্ব লাইসেন্সধারী কোন সফটওয়্যার নেই। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, বাজেট এর উপর নির্ভর করে বিষয়টি বিবেচনা করা যেতে পারে।<br>নির্বাহী চেয়ারম্যান মহোদয় বলেন, বিএআরসি'র বিভিন্ন প্রশিক্ষণে নিজস্ব লাইসেন্সধারী অরিজিনাল সফটওয়্যার থাকা প্রয়োজন। | অরিজিনাল (লাইসেন্স) সফটওয়্যার প্রশিক্ষণে রাখার ব্যবস্থা করতে হবে। | পরিচালক (কম্পিউটার ও জিআইএস) |
| | | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) জানান, ২০২৫-২০২৬ অর্থবছরে ১০টি ব্যাচে ৪০০ জন বিজ্ঞানী/কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। তন্মধ্যে ০৩টি ব্যাচের প্রশিক্ষণ কর্মসূচি নাটা, গাজীপুরে চলমান আছে। অবশিষ্ট ০৭টি ব্যাচের জন্য ব্যাচ প্রতি ৪০ জন হিসেবে ২৮০ জনবিজ্ঞানী/কর্মকর্তার মনোনয়ন প্রয়োজন। নাটার সাথে আলোচনা সাপেক্ষে ০৩টি ব্যাচের জন্য চার কোটি পঞ্চাশ লক্ষ টাকার বুনিয়াদি প্রশিক্ষণ ব্যয় নির্ধারিত হয়েছে।<br>তিনি আরও উল্লেখ যে, প্রশিক্ষন মডিউল ও বাজেটের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে সভা অনুষ্ঠিত হবে। | নির্বাহী পরিষদের সভায় প্রশিক্ষণার্থীদের মনোনয়নের বিষয়ে আলোচনা করতে হবে। | পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) |

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| ৭/৯/২৫ | ৭/৯/২৫ |
| (মোঃ আব্দুল মোত্তাকিন) | (ড. নাজমুন নাহার করিম) |
| পরিচালক (সাপোর্ট সার্ভিস) | নির্বাহী চেয়ারম্যান (রু.দা.) |
| ও | ও |
| সদস্য সচিব | সভাপতি |
| কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা | কাউন্সিল মাসিক পর্যালোচনা সভা |

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

ক্র. নং নাম, পদবী ও ঠিকানা

১. জনাব অজিত কুমার চক্রবর্তী,সদস্য পরিচালক (মৎস্য) ও পরিচালক (অর্থ) (অ.দা.), বিএআরসি, ঢাকা।
২. ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) বিএআরসি, ঢাকা।
৩. ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য পরিচালক (এনআরএম), বিএআরসি ক্যাম্পাস, ঢাকা।
৪. ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) বিএআরসি, ঢাকা।
৫. ড. মোঃ মোশাররফ উদ্দিন মোল্লা, সদস্য পরিচালক (এইআরএস) (চ. দা) বিএআরসি, ঢাকা।
৬. ড. মোঃ রফিকুল ইসলাম, সদস্য পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) (রু. দা), বিএআরসি, ঢাকা।
৭. জনাব মোঃ আব্দুল মোত্তাকিন, পরিচালক (সাপোর্ট সার্ভিস), বিএআরসি, ঢাকা।
৮. জনাব হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ঢাকা।
৯. ড. মোঃ হারুনুর রশীদ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য) ও পরিচালক (সার্ক কৃষি কেন্দ্র), বিএআরসি, ঢাকা।
১০. ড. শাহ মোঃ মনির হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
১১. জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ) (চ. দা.), বিএআরসি, ঢাকা।
১২. ড. সুস্মিতা দাস, প্রিন্সিপাল ডকুমেন্টেশন অফিসার, বিএআরসি, ঢাকা।
১৩. ড. সুরাইয়া পারভীন, পরিচালক (টিটিএমইউ) (চ. দা.) বিএআরসি, ঢাকা।
১৪. জনাব হাসান মাহমুদ, সিনিয়র সিস্টেম এনালিষ্ট (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি, ঢাকা।
১৫. ড. মোঃ আশরাফুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরসি, ঢাকা।
১৬. ড. মোঃ গোলাম মাহবুব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন), বিএআরসি, ঢাকা।
১৭. ড. মোঃ মাহফুজ আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
১৮. ড. আলী আকবর ভূইয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রাণিসম্পদ), বিএআরসি, ঢাকা।
১৯. ড. ফরিদুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বিএআরসি, ঢাকা।
২০. ড. এ বি এম খালদুন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরসি, ঢাকা।
২১. ড. আবুল ফাত্তা মোহাম্মদ তারিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি প্রকৌশল), বিএআরসি, ঢাকা।
২২. ড. মোঃ আশরাফুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (কৃষি প্রকৌশল), বিএআরসি, ঢাকা।
২৩. ড. মোঃ আব্দুস সালাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস), বিএআরসি, ঢাকা।
২৪. ড. যাকীয়াহ রহমান মনি, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পুষ্টি), বিএআরসি, ঢাকা।
২৫. জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার, বিএআরসি, ঢাকা।
২৬. ড. মোহাম্মদ রেজওয়ান মোল্লা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৭. ড. মোঃ জামাল উদ্দীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৮. ড. মোঃ জহিরুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
২৯. ড.কাজী নূর-এ-আলম জুয়েল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন), বিএআরসি, ঢাকা।
৩০. ড. মোঃ শাহজাদ কুলি খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), বিএআরসি, ঢাকা।
৩১. ড. পান্না আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ঢাকা।
৩২. ড. মাসুদ রানা , প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রাণি সম্পদ), বিএআরসি, ঢাকা।
৩৩. ড. শিরিন সুলতানা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), বিএআরসি, ঢাকা।
৩৪. ড. মোঃ শফিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস), বিএআরসি, ঢাকা।
৩৫. ড. আহমেদ নুমেরী আশফাকুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বিএআরসি, ঢাকা।
৩৬. জনাব মোহাম্মদ মাহবুবুল হাসান, উপ-পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৩৭. জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপ-পরিচালক (হিসাব), বিএআরসি, ঢাকা।
৩৮. জনাব মির্জা তোছাদ্দেক হোসেন, নির্বাহী প্রকৌশলী, বিএআরসি, ঢাকা।
৩৯. ড. মোঃ তৈয়বুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট) ও প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (অ.দা.), বিএআরসি, ঢাকা।
৪০. জনাব কে.এম আলী হায়দার, সিনিয়র সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৪১. জনাব মোঃ সাজ্জাদুর রহমান সরকার, সিনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার, বিএআরসি, ঢাকা।
৪২. জনাব মোঃ মমিনুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (অডিট), বিএআরসি, ঢাকা।
৪৩. জনাব কামরুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (বাজেট), বিএআরসি, ঢাকা।
৪৪. ড. মোছাঃ সুফরা আক্তার বানু, সিনিয়র সায়েন্টিফিক এডিটর, বিএআরসি, ঢাকা।
৪৫. জনাব আল-হেলাল, প্রোগ্রামার, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি, ঢাকা।
৪৬. জনাব মোঃ আল-আমিন, প্রটোকল অফিসার, প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি, ঢাকা।
৪৭. ড. মোঃ খোরশেদ আলম, সিনিয়র ট্রেনিং অফিসার, বিএআরসি, ঢাকা।
৪৮. ড. মোঃ ইকবাল হোসেন, সিনিয়র সায়েন্টিফিক অফিসার (প্রযুক্তি হস্তান্তর), বিএআরসি, ঢাকা।
৪৯. ড. মোঃ আনোয়ারুল হক, সিনিয়র সায়েন্টিফিক অফিসার (প্রযুক্তি হস্তান্তর), বিএআরসি, ঢাকা।
৫০. জনাব সোহাগ ফকির, সহকারী পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।

ক্র. নং  নাম, পদবী ও ঠিকানা

৫১. জনাব মোঃ জুবাইর রেজা, সিনিয়র সহকারী পরিচালক (হিসাব) (চ. দা.), বিএআরসি, ঢাকা।

৫২. জনাব মোহাম্মদ তৌফিকুর রহমান, সহকারী পরিচালক (কমন সার্ভিস), বিএআরসি, ঢাকা।

৫৩. জনাব এস. এম. মোস্তাফিজুর রহমান, একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।

৫৪. জনাব মোঃ সাইমুম হাসান, ইনফরমেশন অফিসার, বিএআরসি, ঢাকা।

৫৫. জনাব মোহাম্মদ নাজমুল ইসলাম, গ্রাফিক্স ডিজাইনার, বিএআরসি, ঢাকা।

৫৬. জনাব মোঃ নূরে আলম উজ্জল, ডাটা এন্ট্রি অফিসার, বিএআরসি, ঢাকা।

৫৭. জনাব রাশেদুল ইসলাম, ডাটা এন্ট্রি অফিসার, বিএআরসি, ঢাকা।

৫৮. জনাব আয়েশা সিদ্দিকা, সহকারী পরিচালক (ভান্ডার), বিএআরসি ঢাকা।

৫৯. জনাব কাজী গোলাম আজম, সহকারী পরিচালক (অডিট) (চ.দা.), বিএআরসি ঢাকা।

৬০. জনাব মোঃ মনোয়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (প্রেষণ), বিএআরসি, ঢাকা।

৬১. জনাব মোঃ মোস্তফা কামাল, সহকারী পরিচালক (সংস্থাপন) (অ.দা.), বিএআরসি, ঢাকা।

৬২. জনাব আব্দুল মোমেন, নিরাপত্তা কর্মকর্তা (অ.দা.), বিএআরসি, ঢাকা।

৬৩. জনাব মাধব বনিক, সাইট ইঞ্জিনিয়ার, বিএআরসি ঢাকা।

৬৪. সভাপতি, কর্মচারি কল্যান সমিতি, বিএআরসি, ঢাকা।

৬৫. সাধারন সম্পাদক, কর্মচারি কল্যান সমিতি, বিএআরসি, ঢাকা।